# উত্তাল সমুদ্র, দেশের সব বন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত



সংগৃহীত ছবি

উত্তর বঙ্গোপসাগরে সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে সৃষ্ট বায়ুচাপের তারতম্যে সাগর ও উপকূলীয় এলাকাগুলো উত্তাল হয়ে উঠেছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, দেশের চারটি সমুদ্রবন্দর—চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা-তে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

রোববার সকালে দেওয়া বিশেষ সতর্ক বার্তায় অধিদপ্তর আরও জানায়, দমকা বা ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে উপকূলীয় অঞ্চল ও সমুদ্রপথে। উত্তর বঙ্গোপসাগরে থাকা মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচলের পরামর্শ দেওয়া হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের গভীর সমুদ্রে না যাওয়ার অনুরোধ করা হয়েছে।

এছাড়া দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্যও সতর্কতা জারি করা হয়েছে। খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলের নদীবন্দরগুলোতে ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। এসব এলাকায় বৃষ্টির সঙ্গে দমকা হাওয়া বয়ে যেতে পারে।

LENS ASIA

এদিকে ঢাকা ও আশপাশের অঞ্চলগুলোতেও সকাল থেকে আকাশ মেঘলা। আবহাওয়া অধিদপ্তরের সকাল ৭টার বুলেটিনে বলা হয়েছে, হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে এবং দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ১০-১৫ কিলোমিটার বেগে বাতাস প্রবাহিত হতে পারে।